**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**১) প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটলবিহারী বাজপেয়ীর জন্মদিন আজ রাজ্যেও সুশাসন দিবস হিসাবে উদযাপিত।**

**২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সুশাসনের প্রকৃত অর্থ হচ্ছে দুর্নীতি মুক্ত প্রশাসন ও মানুষের চাহিদাগুলিকে প্রাধান্য দিয়ে তা বাস্তবায়িত করা।**

**৩) আজ বড়দিন । রাজ্যেও জনগণ উৎসবে মেতে উঠেছেন ।**

**৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বিজেপির জন্য সুশাসন একদিনের অনুষ্ঠান নয়, এটি তাদের সরকারের পরিচয়।**

**********************************************

**Atalbihari Bajpayee:**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটলবিহারী বাজপেয়ীর আজ ১০০তম জন্মবার্ষিকী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্রাক্তন প্রধানমন্ত্রী দিল্লিতে সদৈব্ অটল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে, অটল বিহারী বাজপেয়ীকে শ্রদ্ধা নিবেদন করেন। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু এবং কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সভাপতি জেপি নাড্ডাও অটল বিহারী বাজপেয়ীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর সুশাসন এবং জনকল্যাণের প্রতি নিবেদন ভবিষ্যত প্রজন্মকে পথ দেখাবে। শ্রী শাহ বলেন যে তিনি আদর্শ ও মূল্যবোধ ভিত্তিক রাজনীতির প্রতি নিবেদিত হয়ে দেশে উন্নয়ন ও সুশাসনের একটি নতুন যুগের সূচনা করেছিলেন।

*********************

**Atal Bihari Vajpayee- State:**

সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকী। আজ প্রদেশ বিজেপির মুখ্য কার্যালয়ে তাঁর জন্মজয়ন্তী পালিত হয়েছে। অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য্য,  মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিকাশ দেববর্মা, রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যানী সাহা রায় সহ অন্যান্যরা অটল বিহারী বাজপেয়ীর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। সাংসদ রাজীব ভট্টাচার্য্য বলেন, অটল বিহারী বাজপেয়ীর চিন্তাধারা সর্বদাই আমাদের অনুপ্রাণিত করে। এই উপলক্ষে আজ বড়জলা মন্ডলের উদ্যোগে আয়োজিত পদযাত্রায় অংশ নেন প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস, মন্ডল সভাপতি রাজীব সাহা সহ অন্যান্যরা।

বিজেপির রামনগর মন্ডল কার্যালয়ে অটলবিহারী বাজপেয়ীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। শ্রী মজুমদার বলেন মানবজাতির নিঃস্বার্থ সেবা ছিল অটল বিহারী বাজপেয়ীর প্রধান আদর্শ।

*********************

**CM- Good Governance:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সুশাসনের প্রকৃত অর্থ হচ্ছে দুর্নীতি মুক্ত প্রশাসন ও মানুষের চাহিদাগুলিকে প্রাধান্য দিয়ে তা বাস্তবায়িত করা। আগরতলার প্রজ্ঞা ভবনে আজ সুশাসন

দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন কেন্দ্র ও রাজ্য সরকার পণ্ডিত দীন দয়াল উপাধ্যায় ও অটল বিহারী বাজপেয়ীর আদর্শে অনুপ্রাণিত হয়ে সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে বদ্ধপরিকর...........................

#######CM BYTE######

তিনি বলেন সব সুবিধাভোগীদের কাছে সাহায্য পৌঁছে দিতে প্রতি ঘরে সুশাসন কর্মসূচি পালন করা হচ্ছে। তিনি বলেন জি - ২০সম্মেলন ত্রিপুরাকে বিশ্বের মানচিত্রে প্রতিষ্ঠিত করেছে। ফলে প্রচুর সংখ্যক মানুষ এখন ত্রিপুরাতে আসছেন এবং এর ফলস্বরূপ ত্রিপুরার মোট অভ্যন্তরীণ উৎপাদন বেড়েছে। মুখ্যমন্ত্রী বলেন অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সামাজিক মানোন্নয়ন জড়িত। তিনি বলেন রাজ্যে সুশাসন প্রতিষ্ঠিত হওয়ায় উন্নয়ন বেড়েছে। ত্রিপুরা এখন সম্পূর্ণ সন্ত্রাসমুক্ত বলে সন্তোষ প্রকাশ করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন বাংলাদেশের সঙ্গে ভবিষ্যতে সম্পর্ক ঠিক হলে চিটাগাঙের সঙ্গে জলপথে যোগাযোগ নিয়ে আলোচনা করা হবে। তিনি বলেন রাজ্য সরকার মহিলা ও যুবাদের উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। কারণ এই দুই ক্ষেত্রের উন্নয়ন হলে দেশের ও রাজ্যের উন্নয়ন হবে। অনুষ্ঠানে সুশাসন দপ্তরের সচিব কিরণ গিত্তে বলেন সুশাসনের ভাবনা ভারতীয় ঐতিহ্যতেই বিদ্যমান। তিনি বলেন উন্নয়নের জন্য দরকার সুশাসন । সুশাসন প্রতিষ্ঠা করার জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে চলেছে। পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন জানান সরকার গঠন হওয়ার পর মুখ্যমন্ত্রীর নির্দেশ ছিল সারা রাজ্যে সর্বত্র আইন শৃঙ্খলা প্রতিষ্ঠা করা। তিনি বলেন গত ২-৩ বছরে রাজ্যে অপরাধের সংখ্যা কমেছে। তিনি বলেন মুখ্যমন্ত্রীর নির্দেশে মানুষের কাছে পৌঁছানোর উদ্যোগে গত ২-৩বছরে ২০থেকে ২৫হাজার শিবির করা হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব জে কে সিনহা ও এডিশনাল পিসি সিএফ চৈতন্য

মূর্তি। উল্লেখ্য গত ১৯ডিসেম্বর থেকে আজ পর্যন্ত রাজ্যে সুশাসন সপ্তাহ উদযাপন করা হয়।

*********************

**Christmas:**

বড়দিনের আনন্দে উৎসব মুখর হয়ে উঠেছে রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন অংশ। আগরতলার কাছে মরিয়ম নগরের শান্তিররাণী গির্জায়  নানা ধর্ম নানা জাতির লোকজন সমবেত হয়েছেন। এখানে মেলাও বসেছে। গির্জার ফাদার, লিনাস আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন,  গতকাল মধ্য রাতের বিশেষ প্রার্থনার মধ্যে  দিয়ে শুরু হয়েছে খ্রীষ্টধর্মের প্রবর্তক প্রভু যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস উদযাপন...............

######Father BYTE######

গতকাল মরিয়মনগর গির্জায় বিশেষ প্রার্থনা সভায় যোগ দিয়ে বিশপ লুমেন মন্টেরিও  রাজ্যের শান্তি, সমৃদ্ধি র জন্য প্রার্থনা করেন।  ফাদার লিনাস জানান, আজ সকালে এলাকার বিধায়ক রতন চক্রবর্তী গির্জায় কেক কেটেছেন। তিনি জানান, শুধু বড়দিন নয় প্রতিনিয়ত বিভিন্ন ধর্মের মানুষ এই গির্জায় আসেন।

এদিকে, দুর্জয়নগর ক্যাথলিক গির্জা,  ডনবসকো,  বিশপহাউস, নির্মলা শিশুভবন প্রভৃতি  উপাসনাস্থল ও প্রতিষ্ঠানকে আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে । বহু বাড়িঘরও আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে।  আগরতলার বিভিন্ন রাজপথে উৎসবের আনন্দে মেতে উঠতে দেখা গেছে লোকজনদের। কেক পেস্ট্রির দোকান, খাবারের দোকান রেষ্ট্রুরেন্টে ভিড় দেখা গেছে। বিভিন্ন স্থানে জলসারও আয়োজন করা হয়েছে।

*********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************

**PM, Madhyapradesh:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বিজেপির জন্য সুশাসন একদিনের অনুষ্ঠান নয়, এটি তাদের সরকারের পরিচয়। অন্যান্য দলের সরকারের সঙ্গে বিজেপি সরকারের তুলনা করার আহ্বান জানিয়ে শ্রী মোদি বলেন, বিজেপি সরকার সবসময় সুশাসন এবং জনগণের প্রতি উৎসর্গের জন্য প্রতিটি ক্ষেত্রে কঠোর পরিশ্রম করেছে। প্রধানমন্ত্রী আজ মধ্যপ্রদেশের খাজুরাহোতে দেশের প্রথম উচ্চাভিলাষী এবং বহুমুখী কেন-বেতওয়া জাতীয় নদী সংযোগ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর একটি সমাবেশে ভাষণ দিচ্ছিলেন..............

######PM BYTE######

অনুষ্ঠানটি প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর ১০০ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজন করা হয় । প্রতি বছর দিনটি সুশাসন দিবস হিসেবে পালিত হচ্ছে।অনুষ্ঠানে মধ্যপ্রদেশের রাজ্যপাল মাঙ্গুভাই প্যাটেল, মুখ্যমন্ত্রী ডাঃ মোহন যাদব এবং কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সিআর প্যাটেল উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী আজ দেশের প্রথম ওমকারেশ্বর ভাসমান সৌর প্রকল্পেরও

উদ্বোধন করেন এবং ১১০০রও বেশি অটল গ্রাম সুশাসন ভবনের ভূমিপূজন করেন। অটল বিহারী বাজপেয়ীর স্মরণে একটি ডাকটিকিট ও মুদ্রাও প্রকাশ করেন তিনি।

********************

**Road Safety:**

সড়ক নিরাপত্তা এবং বিশেষ করে দুর্ঘটনা প্রতিরোধে রাজ্য পরিবহন দপ্তর ও ট্রাফিক দপ্তর যৌথভাবে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। ট্রাফিক দপ্তরের পুলিশ সুপার মানিক দাস জানান রাজ্যে দুর্ঘটনার সংখ্যা শূন্যে নিয়ে আসার এক বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি জানান সড়ক দুর্ঘটনা র গত তিন বছরের পরিসংখ্যান এর উপর ভিত্তি করে একটি পরিকল্পনা তৈরি করা হয়েছে। আকাশবাণীর সাথে সাক্ষাৎকারে তিনি জানান সড়ক দুর্ঘটনা প্রতিরোধে পরিবহন সংক্রান্ত আইন বলবৎ করা, জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে পুলিশের উদ্যোগে প্রয়াস কর্মসূচি গ্রহণ করা হয়েছে। স্কুল স্তর থেকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে ট্রাফিক আইন মেনে চলার সচেতনতা মূলক অনুষ্ঠান করা হচ্ছে।

এছাড়া রোড ইঞ্জিনিয়ারিং এর উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। রাস্তার কারণে দুর্ঘটনা হয় কিনা সে ব্যাপারেও নজর দেওয়া হয়েছে। ইতিমধ্যে রাজ্যের ১৩টি স্থান দুর্ঘটনা প্রবন এলাকায় হিসাবে চিহ্নিত করা হয়েছে। সড়ক দুর্ঘটনায় আহতদের চিকিৎসার জন্য দ্রুত হাসপাতালে পাঠানোর জন্য ১১টি ডেডিকেটেড এম্বুলেন্স রাখা হয়েছে, আরো ২৫ টি এম্বুলেন্স নিয়োজিত করার উদ্যোগ নেয়া হয়েছে।

********************

**Prashasan gao ki aur:**

প্রশাসন গাঁও কি অউর কর্মসূচিতে প্রশাসনকি সুবিধাগুলি নাগরিকদের ঘরের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। আজ পশ্চিম

জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার জানান, প্রশাসন গাঁও কি অউর কর্মসূচীতে নরেন্দ্রপুর চা বাগান, মেখলিবন্ধ চা বাগান এবং সিমনা চা বাগানে প্রশাসনিক শিবিরের আয়োজন করা হয়। মোহনপুর  মহকুমার নরেন্দ্রপুর চা বাগানে নাগরিকদের মধ্যে ১৭৬ টি পিআরটিসি, ৭১ টি এসটি, ৩৪ টি বিবাহ বিবন্ধীকরন সহ ৬৭ টি অন্যান্য শংসাপত্র দেওয়া হয় । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুরের মহকুমা শাসক সুভাষ দত্ত সহ স্থানীয় জনপ্রতিনিধিরা। মোহনপুর মহকুমার সিমনাছড়া চা বাগানে ১৫৮ জনকে পিআরটিসি, এসটি শংসাপত্র ৫৩জনকে, আধার কার্ড ৩০ জনকে, রেশন কার্ড ৫ জনকে তুলে দেন  মহকুমা শাসক সুভাষ দত্ত। এদিকে, মেঘলিবন্ধ চা বাগানে ১৪৯ জনকে পিআরটিসি, ৩০ জনকে আধার কার্ড, ৬৫ জনকে এসটি শংসাপত্র, সাতজনকে রেশন কার্ড দেওয়া হয়েছে।

********************

**Atal Kobita o Sahitya Utsav:**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে দু'দিনব্যাপী দ্বিতীয় রাজ্যভিত্তিক অটল কবিতা ও সাহিত্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন,অটল বিহারী বাজপেয়ী ছিলেন এক বিরল প্রতিভার অধিকারী। তাঁর জীবন ও কর্মধারা আমাদের চিন্তা ও চেতনাকে সমৃদ্ধ করার বড় অবলম্বন। তাঁর কাব্য প্রতিভা সর্বত্রই সমাদৃত। বক্তব্য রাখেন, প্রাণীসম্পদ বিকাশ  মন্ত্রী সুধাংশু দাস,রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস-চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী,তথ্য-সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, আসামের বিশিষ্ট সাহিত্যিক দিগন্ত বিশ্ব শর্মা ও সাহিত্যিক এস,গম্ভীনি প্রমুখ। অনুষ্ঠানে রাজ্যের বিশিষ্ট কবি মিলন কান্তি দত্তকে অটলবিহারী বাজপেয়ী আজীবন স্মৃতি পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে স্মরণিকা, অটল বিহারী বাজপেয়ী'র লেখা নিয়ে অনুবাদ গ্রন্থ, তথ্যচিত্র প্রকাশ করা হয়।

********************

**Under 23 Cricket:**

অনূর্ধ্ব ২৩ ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে গ্রুপের ষষ্ঠ খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। বরোদায় অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ৬ উইকেটে মিজোরামকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে মিজোরাম ৪১ ওভার ২ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১১৩ রান করে। জবাবে রাজ্যদল ২৩ ওভার ১ বল-এ ৪ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

********************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************